

কম্পিউটার  
কমান্ড

120 JAN 2013  
120 JAN 2013

প্রথম খালো

# বেদখল ছাত্রাবাস উদ্ধারের দাবিতে বিক্ষোভ

জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের প্রতিবেদক

জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের 'বেদখল' থাকা আরও ১০টি ছাত্রাবাস উদ্ধার, উন্নয়ন-কি তিন হাজার টাকা প্রত্যাহার এবং প্রথম বর্ষের ভর্তিতে অনিয়ম ও দুর্নীতি বহু বছর দাবিতে বিক্ষোভ মিছিল ও সমাবেশ করেছে প্রগতিশীল ছাত্রজোট ও সাধারণ শিক্ষার্থীরা। গতকাল রোববার দুপুর পৌনে ১২টার দিকে পূর্বঘোষণিত কর্মসূচি অনুযায়ী হল উদ্ধারের দাবিতে ক্যাম্পাসে বিক্ষোভ মিছিলের করে ছাত্রজোট। পরে দুপুর ১২টির দিকে বিশ্ববিদ্যালয়ের প্রায় এক হাজার সাধারণ শিক্ষার্থী ছাত্রজোটের বানারে যোগ দিয়ে বিক্ষোভ মিছিল শুরু করেন। আন্দোলনের একপর্যায়ে দুপুর সাড়ে ১২টার দিকে বিশ্ববিদ্যালয়ের প্রশাসনিক ভবন অবরোধ করেন শিক্ষার্থীরা। তখন বিশ্ববিদ্যালয় শাখা ছাত্রলীগের সভাপতি পরিফুল ইসলাম ও সাধারণ সম্পাদক সিরাজুল ইসলাম আন্দোলনকারীদের সঙ্গে একাত্মতা প্রকাশ করেন। কর্মসূচিতে ছাত্রলীগ অংশ নেওয়ার ছাত্রজোটের নেতা-কর্মীরা বানার ওড়িয়ে স্থান ত্যাগ করেন। পরে ছাত্রলীগ প্রশাসনিক ভবনের সামনে পৃথকভাবে সমাবেশ করে।

## জগন্নাথ বিশ্ববিদ্যালয়

প্রশাসনিক ভবন অবরোধ শেষে বেলা একটার দিকে বিশ্ববিদ্যালয়ের মুক্তিযুদ্ধের স্মরণের সামনে সমাবেশ করেন সাধারণ শিক্ষার্থীরা। তখন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য মেসবাহউদ্দিন আহমেদ ওই সমাবেশে বক্তব্য

দিতে সেখানে যান। কিন্তু শিক্ষার্থীরা 'ভূম্বা ভূম্বা' স্লোগান দিলে বক্তব্য না দিয়েই চলে যান তিনি। সমাবেশে ছাত্রজোটের নেতারা বলেন, কলেজ থেকে বিশ্ববিদ্যালয় হওয়ার সাত বছর পরও একজন শিক্ষার্থীর আবাসনের ব্যবস্থা করতে পারেনি প্রশাসন। দেড় বছর আগে হাবিবুল রহমান নামে একটি হল উদ্ধার হলেও তার আইনগত জটিলতা নিরসন করতে পারেনি বিশ্ববিদ্যালয় প্রশাসন। এদিকে বিশ্ববিদ্যালয়ের নিয়ন্ত্রণে থাকা বাগী ভবন নামে আরেকটি হলের একাংশ দখল করে রেখেছেন স্থানীয় লোকজন। তাই বাগী ভবনসহ বেদখল থাকা আরও ১১টি হল উদ্ধারের দাবি করেন নেতারা।

বিশ্ববিদ্যালয় শাখা ছাত্রলীগের সভাপতি পরিফুল ইসলাম প্রথম আলোকে বলেন, বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের যথেষ্ট আন্দোলনে যোগ দিয়েছেন ছাত্রলীগের নেতা-কর্মীরা। উপাচার্য মেসবাহউদ্দিন আহমেদ সাংবাদিকদের বলেন, শিক্ষার্থীদের আন্দোলন যৌক্তিক। কিন্তু হল চাইলেই রাতারাতি বানানো সম্ভব নয়। আর আজকের (গতকাল) আন্দোলনের কোনো ভিত্তি নেই বলে দাবি করেন তিনি।

সমাবেশে প্রগতিশীল ছাত্রজোটের সমন্বয়ক ও সমাজতান্ত্রিক ছাত্রসন্দের আহ্বায়ক পরিফুল চৌধুরী, ছাত্র ইউনিয়নের সভাপতি ফারুক আহমেদ, ছাত্র ফেডারেশনের সভাপতি তাহমিনা ইসলাম, ছাত্রজোটের সাধারণ সম্পাদক মাসুদ রানা প্রমুখ উপস্থিত ছিলেন।